স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা

সপ্তম পত্র

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

বিভাগ – ক

(লোকসাহিত্য - ৫০)

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ১ = ২০

(ক) লোকসংস্কৃতির সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে বিশদে আলোচনা করুন।

(খ) ধাঁধার বিষয়বস্তু ও আঙ্গিক-গঠন সম্পর্কে সংক্ষেপে লিখুন। প্রকৃতি বিষয়ক ও গার্হস্থ্য জীবন বিষয়ক ধাঁধার উদাহরণসহ আলোচনা করুন। ১০ + ১০

(গ) বাংলা ব্রতের শ্রেণিবিভাগ করে তার বৈশিষ্ট্যসমূহ সূত্রাকারে আলোচনা করুন। ১০ + ১০

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১০ × ২ = ২০

(ক) গীতিকা অথবা ব্যালাড্ হিসেবে 'মহুয়া' পালাটির বিশ্লেষণ করুন।

(খ) রবীন্দ্রনাথের অনুসরণে 'ছেলেভুলানো ছড়া'র রসসৌন্দর্য বিশ্লেষণ করুন।

(গ) মৈমনসিংহ গীতিকার নাট্যলক্ষণ সম্পর্কে যুক্তিসহ আলোচনা করুন।

(ঘ) মন্ত্রের উদ্ভব, ব্যবহার ও শ্রেণিবিভাগ সম্পর্কে লিখুন।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৫ × ২ = ১০

(ক) বাংলা গীতিকা ও পাশ্চাত্য ব্যালাডের তুলনামূলক কয়েকটি সূত্র দিন।

(খ) 'ভাদুলি ব্রত' ও 'বসুধারা ব্রত' কী ?

(গ) আভ্যুদয়িক মন্ত্রের পরিচয় দিয়ে তার বৈশিষ্ট্য দেখান।

(ঘ) 'গস্কীরা' ও 'আলকাপ' সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখুন।

(ঙ) ঝুমুর কোন্ অঞ্চলের লোকসঙ্গীত ? এটি কী ধরনের সঙ্গীত ?

বিভাগ – খ

(আধুনিক ভারতীয় সাহিত্য - ৫০)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ১ = ২০

(ক) প্রাচীন ভারতবর্ষের সাংস্কৃতিক ঐক্য কীভাবে ভারতীয় সাহিত্যের বনিয়াদ তৈরি করেছিল সে সম্পর্কে লিখুন।

(খ) ইসমত চুগতাই এর 'বাচ্চা' গল্পটির মধ্যে মানবরসের যে অসাম্প্রদায়িক প্রবাহ তার সম্পর্কে আলোচনা করুন।

(গ) 'চেম্মিন' উপন্যাসটির গঠন বিন্যাসের আলোচনা করে ঔপন্যাসিকের শিল্পবোধ সম্পর্কে মূল্যায়ন করুন।

(ঘ) 'চোপ, আদালত চলছে' নাটকটির ট্র্যাজেডি হিসেবে সার্থকতা বিচার করুন।

৫। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১০ × ২ = ২০

(ক) আধুনিক কালের ভারতীয় সাহিত্য কীভাবে গড়ে উঠেছে ? এই বহুভাষাভাষী দেশের সাহিত্যে 'কমননেস্' কোথায় ?

(খ) 'সদগতি' গল্পটি ভারতীয় সমাজের অমানবিক অস্পৃশ্যতা বোধের দলিল — আলোচনা করুন।

(গ) 'কুঞ্জবনের ক্ষ্যাপা' গল্পে গান ও স্বপ্নের প্রতীকী তাৎপর্য সম্পর্কে সংক্ষেপে বিশ্লেষণী আলোচনা করুন।

(ঘ) 'চেম্মিন' গল্পের পারীকুট্টি চরিত্রটির ওপর আলোকপাত করুন।

(ঙ) লীলা বেনারের মত মেয়েকে 'ভ্রষ্টা' বলা যায় কি ? যুক্তিসহ আলোচনা করুন।

৬। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৫ × ২ = ১০

(ক) 'চেম্মিন' উপন্যাসে মরা হাঙরটি কীসের সংকেত বহন করে ?

(খ) শ্রীমতী শিরীষ পৈ-এর কবিতাটি 'চোপ, আদালত চলছে' নাটকে কেন ব্যবহৃত হয়েছে ?

(গ) 'সদ্‌গতি' গল্পের ঘাসিরাম পণ্ডিত 'ঈশ্বরোপাসনার তাৎক্ষণিক ফল' কীভাবে পেতেন ?

(ঘ) ফেরেশতা'দের প্রসঙ্গ 'বাচ্চা' গল্পে কেন এসেছে ?

(ঙ) 'কুঞ্জবনের ক্ষ্যাপা' গল্পের ক্ষ্যাপা কীভাবে গান শিখেছিল ?